গাংনীর সেই নবিনপুর প্রাথমিক বিদ্যালয় পেতে যাচ্ছে নতুন ভবন

নির্মানাধীন অবস্থায় ভেঙ্গে পড়ার সাত বছর অপেক্ষার পর মেহেরপুর গাংনী উপজেলার নওয়াপাড়া গ্রামের নবিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পেতে যাচ্ছে নতুন ভবন। প্রায় ৯৬ লাখ টাকা ব্যায়ে আজ দুপুরে অবকাঠামো নির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। উপস্থিত ছিলেন এল.জি.ই.ডি গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ শেখ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দীন, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, নবিনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তামজিদুর রহমান মুক্তিসহ সরকারী কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, ২০১৪ সালে নতুন বিল্ডিং নির্মানের সময় সিড়ির ছাঁদ ধ্বসে পড়ে। কাজের ত্রুটি প্রমান হওয়ায় বন্ধ করে দেওয়া হয় নির্মান কাজ। ঠিকাদারি প্রতিষ্ঠানকে বিল্ডিং ভেঙ্গে নেওয়ার নির্দেশ দেওয়া হয়। কিন্তু তাতে রাজি হয়না ঠিকাদারি প্রতিষ্ঠান। ফলে নতুন করে বিল্ডিং পাওয়া অনিশ্চিত হয়ে পড়ে। বিভিন্ন মাধ্যমে সংবাদ প্রচার করলে টনক নড়ে জনপ্রতিনিধি ও সরকারের উর্দ্ধতন কতৃপক্ষের। দীর্ঘদিন পরে বিদ্যালয় ভবন নির্মাণ কাজের শুরুর দিন অনন্দ প্রকাশ করেন এলাকাবাসী

মেহেরপুরে ৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত হয়েছে বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছে । করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা ০৪ জন ,মেহেরপুরে সর্বমোট ২০টি ফলাফল এসেছে।

ভিন্নসূত্র: পাওয়া পজিটিভ দের পরিচয় মেহেরপুর সদর খোদা বিবি

(৭৯), ও উম্মে সাদিকা(২৩) সাহেব নগর গাংনী,খাদেমা বেগম(৫৫)সাহেব নগর গাংনী,আসমা খাতুন (৩৮)সাহেব নগর গাংনী,

গাংনীর সাহারবাটি থেকে ৫ জুয়াড়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি মালিথাপাড়ায় অভিযান চালিয়ে জুয়া খেলা অবস্থায় ৫ জুয়াড়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

বুধবার দিবাগত মধ্যরাতে ডিবি পুলিশের এস আই মুক্ত রায়ের নেতৃত্বে এএসাাই আহসান হাবীব,এএসআই হেলাল উদ্দীন,এএসআই ইব্রাহিম বিশ্বাস সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃতরা হলেন- সাহারবাটি গ্রামের আব্দুল হালিমের ছেলে আব্দুল মাবুদ(২৭), আব্দুর রশিদের ছেলে মিন্টু মিয়া (৩০), নজরুল ইসলামের ছেলে মোহন আলী (৩০), আলেক চাঁদের ছেলে বাদশা (৩৫) ও সানোয়ার হোসেনের ছেলে স্বপন আলী (৩১)।

ডিবিও ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার সাহারবাটি মালিথাপাড়ায় অভিযান চালিয়ে জুয়া খেলা অবস্থায় তাদের আটক করা হয়েছে। এসময় তাদের কাছে থেকে ২ সেট তাস, ১০,১০০ টাকা, ৬ জোড়া স্যান্ডেল, ১ টি খেজুরের পাতার পাটি, ১ টি বৈদ্যুতিক বাল্ব উদ্ধার করা হয়।
পরে আটক জুয়াড়ী ও উদ্ধার কৃত মালামাল গাংনী থানায় সোপর্দ করে তাদের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

ঝিনাইদহে মাদ্রাসার শিক্ষকদের মাঝে আর্থিক অনুদান বিতরণ

ঝিনাইদহে করোনায় ক্ষতিগ্রস্থ দারুল আরকাম মাদ্রাসার শিক্ষকদের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে পাঠানো ৬ লাখ টাকার আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মজিবর রহমান এই অর্থ বিতরণ করেন।

এ সময় ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান, ভূটিয়ারগাতি মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আবু বকর সিদ্দিক ও মাওলানা আবদুল্লাহ আল মামুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান জানান, জেলার ৬ উপজেলার ১২ টি দারুল আরকাম মাদ্রাসার ২৪ জন শিক্ষককে প্রত্যেককে ২৫ হাজার করে টাকার চেক দেওয়া হয়। ২০১৭ সালের নভেম্বরে সারাদেশে ১ হাজার ১০ টি মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। এসব প্রতিষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব সিলেবাস দিয়ে প্রাথমিক শিক্ষাবঞ্চিত শিশুদের তৃতীয় শ্রেণী পর্যন্ত পাঠদান করা হচ্ছে।

সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্থা ও গ্রেফতার ঝিনাইদহ প্রেসক্লাবের মানববন্ধন

পেশাগত দ্বায়িত্ব পালনের সময় সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্থা ও গ্রেফতারের প্রতিবাদে ঝিনাইদহে তৃতীয় দিনের মতো মানববন্ধন কর্মসূচী পালিত হয়।
বৃহস্পতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ প্রেসক্লাব। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলায় কর্মরত সাংবাদিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়।

ঝিনাইদহ প্রেসক্লাব আয়োজিত এই কর্মসুচিতে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।
এছাড়া ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু বক্তব্য রাখেন। বক্তারা বলেন রোজিনা ইসলামকে হেনস্থার সঙ্গে জড়িতদের বিচার করতে হবে। অনুষ্ঠানে সাংবাদিক গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদ জানিয়ে রোজিনার মুক্তি দাবী করেন।

জীবননগরে সংবাদকর্মী রোজিনা ইসলামের নির্যাতনকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন

জীবননগরে সংবাদকর্মীরা দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলামের নিঃশর্ত মুক্তি ও নির্যাতনকারীদের শাস্তির দাবিতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে ।

বৃহসপ্রতিবার সকাল সাড়ে ১০ টার দিকে শহরের টাইগার চত্বরে জীবননগর প্রেসক্লাব ও জীবননগর সাংবাদিক সমিতির আয়োজনে এ কর্মসূচী পালন করা হয়। কর্মসূচীতে অংশ নিয়ে জীবননগরের বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মরত সংবাদকর্মীরা বিক্ষোভ প্রদর্শন করেন। এসময় সংবাদকর্মীদের সাথে একাত্মতা জানিয়ে কর্মসূচীতে অংশ নেন বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের নেতাকর্মীরা।

মানববন্ধনে অংশ নিয়ে বক্তারা বলেন, অনুসন্ধানী সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্তা ও মিথ্যা মামলা দিয়ে আটকে রাখা যাবেনা। নিজেদের অপকর্ম ঢাকতে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা রোজিনা ইসলামকে অপরাধী সাজানোর চেষ্টা করছে। মানববন্ধনে স্বাস্থ্যমন্ত্রীর বক্তব্যে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন গণমাধ্যমকর্মিরা। বলেন স্বাস্থ্যমন্ত্রীর বক্তব্য দায়িত্বজ্ঞানহীন ও অসত্য।

অবিলম্বে সাংবাদিক রোজিনা ইসলামকে নি:শর্ত মুক্তি না দিলে জীবননগরের গণমাধ্যমকর্মিরা স্বেচ্ছায় কারাবরণের হুমিক দেন।

জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম আর বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান,আকিমুল ইসলাম,মিঠুন মাহমুদ ,জহিরুল ইসলাম,দশনা প্রেস ক্লাবের সভাপতি ধীরু,সাধারন সম্পাদক হারুন রাজু,সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল,মাজেদুল ইসলাম মিল্টন,ফয়সাল খবির,হাসাদহ প্রেস ক্লাবের সভাপতি মতিয়ার রহমান,সাধারন সম্পাদক রিপন হোসেনসহ।মানববন্ধনে চুয়াডাঙ্গা জেলার চারটি প্রেসক্লাবের প্রতিনিধিসহ বিভিন্ন পেশাজীবী ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহন করে সংহতি প্রকাশ করেন।

ত্রিশালে আব্দুল মান্নানের মৃত্যুতে শোক সভা

ময়মনসিংহের ত্রিশালে সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের আয়োজনে প্রতিষ্ঠানের সভাপতি ডাঃ এনামুল হকের শ্রদ্ধাভাজন পিতা আব্দুল মান্নানের মৃত্যুতে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৯ মে) বাদ আছর সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের ত্রিশাল অফিসে এক শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় ত্রিশাল রিপোর্টার্স ইউনিটির সভাপতি এইচ. এম জোবায়ের হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ আনোয়ার সাদত জাহাঙ্গীর, ত্রিশাল উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহবায় ও সামাজিক সংগঠন পাশে দাঁড়াও এর প্রতিষ্ঠাতা সভাপতি জহিরুল ইসলাম জহির সরকার,

ত্রিশাল রিপোর্টার্স ক্লাবের মমিনুল ইসলাম মমিন, শিশু কল্যাণ ফাউন্ডেশনের সভাপতি মাহমুদুল হাসান রায়হান, সারা এনজিও ময়মনসিংহ বিভাগীয় প্রধান মজিবুর রহমান, ত্রিশাল সরকারি নজরুল কলেজের গভনিং বডির সদস্য আব্দুল আউয়াল প্রমুখ। শোক সভায় সভাপতিত্ব করেন সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের সভাপতি ডাঃ এনামুল হক।সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম হৃদয়।

আলোচনা সভা শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন আলজামিয়া উল মুদিয়া নীলবানাদ মহিলা মাদ্রাসার পরিচালক সাঈদ মুহাম্মদ তৈয়বুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, দৈনিক ভোরে অপেক্ষা পত্রিকার ত্রিশাল প্রতিনিধি ও দৈনিক বিশ্বের মুখপত্র পত্রিকার স্টাফ রিপোর্টার ফাতেমা শবনম, সাংগঠনিক সম্পাদক আব্দুল কাদের, কোষাধ্যক্ষ জসিম উদ্দিন, দপ্তর সম্পাদক রহমত উল্লাহ তুহিন, দেশ রিভিউ পত্রিকার ত্রিশাল প্রতিনিধি মাহমুদুল হাসান সজিব,আব্দুল কাদের সানী,আল-জুবায়ের প্রমুখ।

“দৈনিক তৃতীয় মাত্রা” পত্রিকায় তেফায়েল হোসেনের নিয়োগ

ঢাকা থেকে প্রকাশিত “দৈনিক তৃতীয় মাত্রা” পত্রিকার মেহেরপুর বিশেষ প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন সাংবাদিক তোফায়েল হোসেন।
মঙ্গলবার দুপুরে “দৈনিক তৃতীয় মাত্রা” পত্রিকার সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব ইলিয়াস উদ্দিন মোল্লাহ স্বাক্ষরিত নিয়োগ পত্র ডাক যোগে তার হাতে পৌছায়। তোফায়েল হোসেন স্থানীয় থেকে প্রকাশিত বিভিন্ন পত্রিকার উপজেলা ও জেলা প্রতিনিধি ছাড়াও “গাংনী সংবাদ” অনলাইন পোর্টাল এর সম্পাদক ও প্রকাশক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।
“দৈনিক তৃতীয় মাত্রা” পত্রিকায় নিয়োগ পাওয়ায় জেলার সকল সাংবাদিক ও সুধী মহল তাকে অভিনন্দন জানিয়েছেন।
সাংবাদিক তোফায়েল হোসেন গাংনী পৌর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের মরহুম মোজাম্মেল হক এর ছেলে। কর্মক্ষেত্রে সকলের সহযোগীতা কামনা করেছেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মেহেরপুর জেলার করোনা পরিস্থিতি এবং ভ্যাক্সিনেশন কার্যক্রম, সার্বিক ত্রাণ কার্যক্রম, আশ্রয়ন প্রকল্পের অগ্রগতি এবং বজ্রপাত নিরোধক দণ্ড স্থাপন সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সাথে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম।

বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা হাফিজ আল আসাদ, সহকারী কমিশনার সুজন দাস গুপ্ত, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, দপ্তর সম্পাদক ও দৈনিক আমাদের অর্থনীতি পত্রিকায় প্রতিনিধি মাসুদ রানাসহ সাংবাদিকবৃন্দরা।

কুষ্টিয়ায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত ২

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার গোলাপনগর এলাকায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ময়নাল হক মিল্টন (২৫) ও শাকিল (২৫) নামে দুই যুবক নিহত হয়েছেন। দুর্ঘটনায় আহত হয়েছেন আরও দু’জন।

গতকাল বুধবার সন্ধ্যায় ভেড়ামারা-গোলাপনগর সড়কের বাঁকাপুল সংলগ্ন এলাকায় দুর্ঘটনা ঘটে।
এলাকাবাসী সূত্রে জানা যায়, সন্ধ্যার দিকে ভেড়ামারা-গোলাপনগর মহাসড়কের বাঁকাপুল সংলগ্ন এর কাছে দুই মোটর সাইকেলে সাথে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এতে দুই মোটর সাইকেলে থাকা চালকসহ চারজন ছিটকিয়ে রাস্তার মধ্য পড়ে যায়। দুর্ঘটনায় মোটরসাইকেল দুইটি

দুমড়ে মুচড়ে যায়।

স্থানীয়দের সহায়তায় তাদেরকে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মিল্টন ও শাকিলকে মৃত ঘোষণা করেন। একটি মোটর সাইকেল চালাচ্ছিলেন মিল্টন ও আরেকটি শাকিল। মিল্টন ও শাকিলের মোটরসাইকেলে পেছনে থাকা দুইজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

এ বিষয়ে ভেড়ামারা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, দুজন নিহত হয়েছেন। আহত দু’জনকে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়েছে। নিহতদের পরিবারের কোন অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ বাড়িতে নিয়ে গেছেন বলেও জাননা তিনি।